



সাতক্ষীরায় বিএসএফের হস্তান্তরে বিজিবির কাছে ফিরলো ১৫ বাংলাদেশি



সংগৃহীত ছবি

ভারতে আটক হওয়া নারী-শিশুসহ ১৫ বাংলাদেশিকে সাতক্ষীরার তলুইগাছা সীমান্তে পতাকা বৈঠকের মাধ্যমে বিজিবির কাছে হস্তান্তর করেছে বিএসএফ। পরে পরিচয় যাচাইয়ের জন্য তাদের থানায় নিয়ে যাওয়া হয়।

সাতক্ষীরার তলুইগাছা সীমান্তে আটক ১৫ বাংলাদেশি নাগরিককে রোববার (২১ সেপ্টেম্বর) রাত সাড়ে ৯টার দিকে বিজিবির কাছে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। হস্তান্তর হওয়া ব্যক্তিদের মধ্যে নারী ও শিশুও রয়েছে। তারা সাতক্ষীরা, খুলনা জেলার কয়রা, যশোর এবং শরীয়তপুর জেলার বাসিন্দা।

বিজিবি জানায়, একইদিন সন্ধ্যা ৬টার দিকে বিএসএফের আমুদিয়া কোম্পানি কমান্ডার বিকাশ কুমার ও বিজিবির তলুইগাছা বিওপি কমান্ডার আবুল কাশেম পতাকা বৈঠকে মিলিত হন। বৈঠকের পর আটক ব্যক্তিদের আনুষ্ঠানিকভাবে বিজিবির কাছে হস্তান্তর করা হয়।

সাতক্ষীরা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) শামিনুল হক জানান, বিজিবি আটক ১৫ বাংলাদেশিকে থানায় নিয়ে আসে। প্রাথমিক যাচাই-বাছাই শেষে তাদের পরিবারের কাছে ফেরত দেওয়া হবে।